# চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
CHITTAGONG MEDICAL UNIVERSITY

# বাতায়ন
চমেবি বার্তা

সংখ্যা: ০৪, প্রকাশকাল: ৩০ নভেম্বর, বর্ষ-২০২৩, বাংলা: ১৫ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত





## এক নজরে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (সিএমইউ) স্থাপন প্রকল্প

প্রকল্পের নাম : চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (সিএমইউ) স্থাপন।
প্রকল্প এলাকা : সলিমপুর, ফৌজদারহাট, সীতাকুন্ড, চট্টগ্রাম
জায়গার পরিমাণ : ২৩.৯২ একর।
সর্বমোট প্রকল্প ব্যয় : ১৮৫৮.৭৯ কোটি টাকা।

হাসপাতালের বেড সংখ্যা : ১২০০।
বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি - ১০, বিভাগ -৬৯।
মোট ভবন : ২৭ টি। হাসপাতাল, প্রশাসন, একাডেমিকসহ মোট এগারটি ১৫ তলা ভবন, একটি ১০ তলা, ২ টি ২ তলা ও ১৩ টি এক তলা ভবন




১৯৭০ সালের নির্বাচনী প্রচারণার ভাষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে মেডিকেল ও কারিগরি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা ব্যক্ত করেন। স্বাধীনতা পরবর্তী বাংলাদেশে ১৯৯৮ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বপ্রথম ইনস্টিটিউট অব পোস্টগ্র্যাজুয়েট মেডিকেল রিসার্চ (আইপিজিএমআর) কে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের মাধ্যমে দেশের স্বাস্থ্য শিক্ষা খাতে নতুন অধ্যায়ের সূচনা করেন। তারই ধারাবহিকতায় দেশের স্বাস্থ্য শিক্ষা ও গবেষণাকে খোলনলচে বদলে দেওয়ার উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের প্রতিটি বিভাগে একটি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। সেই পরিকল্পনা মোতাবেক ২০১৬ সালের ১৭ নং আইনের মাধ্যমে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো নির্মাণের উদ্দেশ্যে গত ০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দে “চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (সিএমইউ) স্থাপন” শীর্ষক প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) একনেকে অনুমোদিত হয়। গত ১৪ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।




## ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচীর মধ্যদিয়ে জাতীয় শোক দিবস পালন করা হয়। সকালে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান সহ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডিন, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। দিবসটি পালন উপলক্ষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের সেমিনার রুমে "বঙ্গবন্ধু , স্বাধীনতা ও বাংলাদেশ" বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পরীক্ষা নিয়ন্ত্রক ডা. দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। বিশ্ববিদ্যালয়ের উপ পরিচালক ডা. বিদ্যুৎ বড়ুয়ার সঞ্চালনায় আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের ডিন অধ্যাপক ডা. সাহেনা আক্তার, বেসিক সাইন্স ও প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. হাফিজুল ইসলাম, নার্সিং অনুষদের ডিন অধ্যাপক ডা. মোহাম্মদ মনোয়ার উল হক, ডেন্টাল অনুষদের ডিন অধ্যাপক ডা. আকরাম পারভেজ চৌধুরী, বি আই টি আইডি এর পরিচালক অধ্যাপক ডা. মোহাম্মদ সাখাওয়াত উল্লাহ, বিশ্ববিদ্যালয়ের উপ রেজিস্ট্রার ডা. হাসিনা নাসরীন, উপ কলেজ পরিদর্শক ডা. আইরিন সুলতানা, বিআইটিআইডির সহযোগী অধ্যাপক ডা. মামুনুর রশীদ,সহকারী অধ্যাপক ডা. জাকির হোসেন, নির্বাহী প্রকৌশলী ফরহাদ রশীদ। আলোচনা সভায় চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় ও বিআইটিআইডির চিকিৎসক ও নার্স সহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



## চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাইনাল পেশাগত পরীক্ষার ফলাফল প্রকাশ:

গত ০২.০৯.২০২৩ ইং তারিখ চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (১ম ব্যাচ) শিক্ষার্থীদের ফাইনাল পেশাগত পরীক্ষা নভেম্বর ২০২২ এর ফলাফল প্রকাশিত হয়। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন ও চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ডা. সাহেনা আক্তার। একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিনবৃন্দ, সকল মেডিকেল ও ডেন্টাল কলেজের অধ্যক্ষদের উপস্থিতিতে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের হাতে ফলাফল হস্তান্তর করেন।

বিশ্ববিদ্যালয়ের অধীনে এই বছর ১৬ টি মেডিকেল কলেজে মোট ১১৪৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করে ৮৩৭ জন উত্তীর্ণ (৭৩.০৩%) এবং ০২ টি ডেন্টাল কলেজে মোট ১০৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করে ৮২ জন উত্তীর্ণ হয় (৭৬.৬৩%)।



**শুদ্ধাচার পুরস্কার (২০২২-২০২৩)**

২০২২-২০২৩ শুদ্ধাচার পুরস্কার অর্জন করেন উপ-পরিচালক ডা.বিদ্যুৎ বড়ুয়া, অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট রাজ্জাকুল হায়দার চৌধুরী ও অফিস সহায়ক মো. মোজাহিদুল আলম

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর**




বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহিত চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন উপ-রেজিস্ট্রার ডা. হাসিনা নাসরীন। অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, ইউজিসি'র সদস্যবৃন্দ ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোহাম্মদ ইসমাইল খান উপস্থিত ছিলেন।

# সভা




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের দশম সভা অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। মাননীয় উপাচার্য মহোদয় কর্মপরিকল্পনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সকলকে যথাসময়ে এবং সঠিকভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের অবসর ভাতা ও আনুতোষিক সংবিধি, ভবিষ্যত তহবিল, কল্যাণ তহবিল নীতিমালা তৈরি কমিটির সভা মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির সভা অনুষ্ঠিত হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা কমিটির সদস্য বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য আবু নাসার রিজভী ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ডা. রঞ্জিত কুমার সরকার ও উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ডা. বিদ্যুৎ বড়ুয়া উপস্থিত ছিলেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের স্টেকহোল্ডারদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার বিষয়ে অবহিতকরন সভা মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য, জাতীয় সংসদের আসন ২৮৭ (চট্টগ্রাম-১০) এর সংসদ সদস্য ও সাবেক মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা ডা: আফছারুল আমীন এর মৃত্যুতে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে গভীর শ্রদ্ধাঞ্জলি



ফাইনাল পেশাগত এমবিবিএস পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ-এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। এসময় উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ডা. বিদ্যুৎ বড়ুয়া উপস্থিত ছিলেন।




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। পরীক্ষা নিয়ন্ত্রক ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার ও ফোকাল পয়েন্ট এপিএ মো. আলাউদ্দিন। সহকারী পরিচালক (অর্থ) মো. মিছবাহ ইবনে হাকীমের উপস্থাপনায় কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ডিন, সকল দপ্তর প্রধান ও কর্মকর্তা/কর্মচারীগন অংশগ্রহন করেন।



চট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃক আয়োজিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান।




ব্রাহ্মণবাড়িয়া মেডিকেল কলেজ, ব্রাহ্মণবাড়িয়া নার্সিং কলেজ, ইউনাইটেড কেয়ার ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি এর গর্ভনিং বডির সভা ও অধিভুক্তির পরির্দশন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান এর নেতৃত্বে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় টিম।




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহনে দুর্নীতি প্রতিরোধে করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে এবং সহকারী রেজিস্ট্রার মো. আলাউদ্দিনের উপস্থাপনায় কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার ডা. হাসিনা নাসরীন।এছাড়া মূল বিষয়ের উপর আলোকপাত করেন পরীক্ষা নিয়ন্ত্রক ডা. দেলোয়ার হোসেন, বেসিক সায়েন্স ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ডা. হাফিজুল ইসলাম, নার্সিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ডা. মনোয়ারুল হক শামীম, ডেন্টিস্ট ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ডা.আকরাম পারভেজ চৌধুরী, উপ-পরিচালক ডা.বিদ্যুৎ বড়ুয়া, সহকারী রেজিস্ট্রার শাহাদাত হোসেন, সহকারী পরিচালক ( অর্থ ) মেজবাহ ইবনে হাকিম, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এ বি এম মাসুদ সহ অন্যান্যরা।




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে Tropical Diseases in hot Climate & Environmental Changes বিষয়ক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের উপ রেজিস্ট্রার ডা. হাসিনা নাসরীন।

**প্রধান উপদেষ্টা**
**অধ্যাপক ডা. মো.ইসমাইল খান**
মাননীয় উপাচার্য
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
CHITTAGONG MEDICAL UNIVERSITY

**সম্পাদক**
**ডা. বিদ্যুৎ বড়ুয়া**
উপ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

তথ্য ও ছবি: মো: আলাউদ্দিন স্বপন, সহকারী রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।

**বিআইটিআইডি ভবন, ফৌজদারহাট, চট্টগ্রাম, বাংলাদেশ**
**ফোন:** ০১৮৪৪ ২১৬৩১৩, ০১৮৪৪ ২১৬৩১৪
**ই-মেইল** info@cmu.edu.bd
**ওয়েবসাইট:** www.cmu.edu.bd